দৈনিক সংবাদ

৪।

তারিখ 29 APR 1987
পৃষ্ঠা 1

# কলেজ ছাত্র সংসদ নির্বাচন॥ বিভিন্ন স্থানে সন্ত্রাস ব্যালট ছিনতাই বোমাবাজি

(নিজস্ব বার্তা পরিবেশক)

কলেজ ছাত্র সংসদ নির্বাচনকে কেন্দ্র করে দেশের বিভিন্ন স্থানে ব্যাপক সন্ত্রাস, বোমাবাজি, ব্যালট বাক্স ছিনতাই ও সংঘর্ষের খবর পাওয়া গেছে। বেশ কয়েকটি কলেজে নির্বাচন স্থগিত ঘোষণা করা হয়েছে।

ঢাকাসহ দেশের বিভিন্ন স্থানের কয়েকটি কলেজে গতকাল মঙ্গলবার নির্বাচন সম্পন্ন হয়েছে।

ঢাকার ইডেন কলেজে নির্বাচনের ফলাফল নিয়ে তীব্র উত্তেজনা দেখা যায়। রাত সাড়ে এগারটার সময় জাতীয়তাবাদী ছাত্র দলের সভাপতি আসাদুজ্জামান রিপন টেলিফোনে জানান, 'আমরা নির্বাচনের ফলাফল প্রত্যাখ্যান করেছি। আমরা আদালতের শরণাপন্ন হবো।'

কুড়িগ্রাম, মুক্তাগাছা, কিশোরগঞ্জ, মুন্সীগঞ্জের কলেজ সংসদ নির্বাচনে ব্যালট বাক্স ছিনতাই, সন্ত্রাস ও বোমাবাজির খবর পাওয়া গেছে।

পিরোজপুর, কুমিল্লা, নারায়ণগঞ্জে নির্বাচন অনুষ্ঠিত হয়েছে।

সরকারী ইডেন কলেজ ছাত্রী সংসদের নির্বাচনের ফলাফলকে কেন্দ্র করে গতকাল মঙ্গলবার রাতে কলেজ প্রাঙ্গণে তীব্র উত্তেজনা বিরাজ করছিল। এ রিপোর্ট লেখা পর্যন্ত ফলাফলের প্রতিবাদে কলেজ প্রাঙ্গণে জাতীয়তাবাদী ছাত্রদলের কর্মীরা মিছিল করছিল। পুলিশ কলেজটি ঘিরে রেখেছে।

ছাত্রদলের কর্মীরা অভিযোগ করেছেন যে, রাত পৌনে ১০টায় কলেজ কর্তৃপক্ষ ছাত্রী সংসদ নির্বাচনের ফলাফল ঘোষণা করেছেন। ফলাফলে সাধারণ সম্পাদিকাসহ ৫টি পদে ছাত্র দল এবং সহ-সভানেত্রীসহ ৭টি পদে জাতীয় ছাত্র সমাজ মনোনীত প্রার্থীদের জয়ী ঘোষণা করা হয়েছে। তাদের অভিযোগ, ছাত্র সমাজ মনোনীত প্রার্থীরা কোনভাবেই জয়ী হতে পারেন না। ওপরের আদেশক্রমে কলেজ কর্তৃপক্ষ এই ফলাফল ঘোষণা করেছেন।

**মুন্সীগঞ্জ**

মুন্সীগঞ্জ থেকে নিজস্ব সংবাদদাতা জানান, ব্যাপক সন্ত্রাস ও বোমাবাজির ফলে গতকাল স্থানীয় হরগংগা কলেজ ছাত্র সংসদের নির্বাচন স্থগিত ঘোষণা করা হয়েছে। সংঘর্ষের ফলে মোট ৮ জন ছাত্র গুরুতরভাবে আহত হয়। এর মধ্যে ৪জন বোমার আঘাতে, ২ জন ধারালো অস্ত্রের আঘাতে এবং ২ জন ইট-পাটকেলে আহত হয়। আহতদের স্থানীয় হাসপাতালে ভর্তি করা হয়। তবে আশংকাজনক অবস্থায় একজনকে ঢাকায় স্থানান্তরিত করা হয়।

**কিশোরগঞ্জ**

নিজস্ব সংবাদদাতার খবর:

(শেষ পৃ: ৪-এর ক: দ্র:)

দৈনিক সংবাদ

তারিখ 29 APR 1987
2

# কলেজ ছাত্র সংসদ নির্বাচন

(১ম পাতার পর)

বোমাবাজি, ব্যালট বাক্স ছিনতাই ও ব্যাপক সন্ত্রাসের মুখে মঙ্গলবার কটিয়াদী ও পাকুন্দিয়া কলেজ ছাত্র সংসদের নির্বাচন বন্ধ করে দেয়া হয়েছে।

গতকাল মঙ্গলবার সকাল থেকে যথারীতি ভোট গ্রহণের এক পর্যায়ে একদল সশস্ত্র বহিরাগত বোমাবাজি ও ব্যাপক সন্ত্রাস সৃষ্টি করে ব্যালট বাক্স ছিনতাই করে নিয়ে যায়। ফলে কটিয়াদী কলেজ কর্তৃপক্ষ বেলা ১২টার দিকে নির্বাচন স্থগিত ঘোষণা করেন।

পাকুন্দিয়া কলেজ ছাত্র সংসদ নির্বাচন চলাকালেও অনুরূপ একদল লোক ব্যালট বাক্স ছিনতাই করে নিয়ে গেলে কর্তৃপক্ষ নির্বাচন বন্ধ করে দেন।

পাকুন্দিয়া কলেজে ছাত্রলীগ (সু-র) ও সরকার সমর্থিত ছাত্র সংগঠন ছাত্র সমাজের সাথে সংঘর্ষে ৭ জন ছাত্র আহত হয়েছে।

**মুক্তাগাছা কলেজে সংঘর্ষ**

মুক্তাগাছা (ময়মনসিং) থেকে নিজস্ব সংবাদদাতা জানান, স্থানীয় শহীদ স্মৃতি কলেজে গতকাল মঙ্গলবার ছাত্রলীগ (সু-র) ও জাতীয়তাবাদী ছাত্রদলের মধ্যে সংঘর্ষে ২জন আহত হয়েছে। আহতদের দুই জনই জাতীয়তাবাদী ছাত্র দলের সমর্থক। এরা হচ্ছে এখলাছুর রহমান জুয়েল ও বাদল। সকালে দুই দলই এক সাথে মিছিল বের করলে সংঘর্ষের সূত্রপাত হয়। আহতদের দু'জনকেই মুক্তাগাছা উপজেলা স্বাস্থ্য কেন্দ্রে ভর্তি করা হয়েছে। ছাত্রলীগ কর্মীরা কলেজ হোস্টেলে জুয়েলের কক্ষেও হামলা চালায়। সন্ধ্যায় শহরে জাতীয়তাবাদী ছাত্রদল মিছিল বের করে।

কুড়িগ্রাম থেকে নিজস্ব সংবাদদাতার খবর: নির্বাচনের আগের রাতে ব্যালট পেপারসহ নির্বাচনের অন্যান্য কাগজপত্র ছিনতাই করে নিয়ে যাওয়ার কারণে কুড়িগ্রাম কলেজের ছাত্র সংসদ নির্বাচন অনুষ্ঠিত হতে পারেনি। ২৭শে এপ্রিল এই নির্বাচন অনুষ্ঠিত হওয়ার কথা ছিল।

নির্বাচনের আগের দিন রাতে সশস্ত্র ব্যক্তিরা কলেজের অফিসকক্ষের তালা ভেঙ্গে নির্বাচন সংক্রান্ত সমস্ত কাগজপত্র নিয়ে যায়। নির্বাচনে ২৪টি পদের জন্য ১৪৮জন প্রার্থী প্রতিদ্বন্দ্বিতা করছিলেন।

**কুমিল্লা**

কুমিল্লা থেকে আমাদের নিজস্ব সংবাদদাতা প্রেরিত ৪টি কলেজের ছাত্র সংসদ নির্বাচনের প্রাপ্ত খবরে জানা যায়, ৩টি কলেজে সামান্য কিছু গোলমাল ছাড়া মোটামুটি শান্তিপূর্ণভাবেই নির্বাচন অনুষ্ঠিত হয়েছে।

কুমিল্লা সরকারী মহিলা কলেজে ১৩টি আসনের মধ্যে সহ-সভাপতি, সাধারণ সম্পাদকসহ জাতীয়তাবাদী ছাত্র দলের প্রার্থীরা ১১টি আসনে জয়লাভ করেছে।

কুমিল্লা সরকারী কলেজে ছাত্রলীগ (সু:-র:) মনোনীত সহ-সভাপতি পদপ্রার্থীর ছাত্রত্বের বৈধতা নিয়ে চ্যালেঞ্জ করা হলে এই কলেজের নির্বাচন স্থগিত ঘোষণা করা হয়।

ভিক্টোরিয়া সরকারী কলেজে ১৯টি আসনের মধ্যে সহ-সভাপতি ও সাধারণ সম্পাদকসহ ৫টি আসনে ছাত্রলীগ (সু:-র:) বিজয়ী হয়েছে।

বরুরা সরকারী কলেজে সহ-সভাপতি পদে একজন স্বতন্ত্র প্রার্থী এবং সাধারণ সম্পাদক পদে ছাত্র সমাজ প্রার্থী বিজয়ী হয়েছে।

**পিরোজপুর**

পিরোজপুর সরকারী কলেজ ছাত্র সংসদের নির্বাচনে বাংলাদেশ ছাত্র লীগ (সু-র) প্রার্থীরা ১৫টি আসনের সবকটি আসনেই জয়লাভ করেছে। শিকদার চান মিয়া সহ-সভাপতি ও রেজাউর করিম মন্টু সাধারণ সম্পাদক নির্বাচিত হয়েছেন। পিরোজপুর সরকারী মহিলা কলেজ ছাত্রী সংসদের নির্বাচনে স্বতন্ত্র প্রার্থীরা জয়লাভ করেছে। নির্বাচনে [illegible]

বোমার আঘাতে আহতদের মধ্যে সফী (২৬) ও সুধীর (৩০)কে গুরুতর আহত অবস্থায় ঢাকা মেডিক্যাল কলেজ হাসপাতালে পাঠানো হয়েছে এবং পুলিশ কনষ্টেবল মজিবর (৪০) ও আবদুল করিম (৩০)কে নারায়ণগঞ্জ সদর হাসপাতালে ভর্তি করা হয়। বোমা বিস্ফোরণের পর পুলিশ লাঠিচার্জ করে বিবদমান ছাত্রদের ছত্রভঙ্গ করে দেয়।

বর্জনকারী ছাত্র সংগঠনগুলো এই নির্বাচন বাতিল করে নতুন করে নির্বাচনের তারিখ ঘোষণার দাবী জানিয়েছে।

**চট্টগ্রাম মহিলা কলেজ**

চট্টগ্রাম মহিলা কলেজ ছাত্রী সংসদ নির্বাচনে ৮টি আসনের মধ্যে সহ-সভা নেত্রী, সাধারণ সম্পাদিকা ও সহ সাধারণ সম্পাদিকাসহ ৫টি আসনে ছাত্র ইউনিয়ন মনোনীত প্রার্থীরা জয়লাভ করেছে।

**সালেপুর কলেজ**

চট্টগ্রাম সালেপুর কলেজ ছাত্র সংসদ নির্বাচনে ছাত্র ইউনিয়ন প্রার্থীরা সাধারণ সম্পাদক ও সহ-সাধারণ সম্পাদকসহ ৮টি আসনে জয়লাভ করে।

**ব্রাহ্মণবাড়িয়া**

ব্রাহ্মণবাড়িয়া থেকে নিজস্ব সংবাদদাতা জানান, ব্রাহ্মণবাড়িয়া কলেজ নির্বাচনে সহ-সভাপতিসহ ৫টি আসন পেয়েছে জাতীয়তাবাদী ছাত্রদল ও ছাত্রলীগ (সু-র) পেয়েছে সাধারণ সম্পাদকসহ ১২টি আসন।

সরকারী মহিলা কলেজে ছাত্রলীগ (সু-র) সবকটি আসন পেয়েছে। সরাইল কলেজে সহ-সভাপতি পদ পেয়েছে জাতীয়তাবাদী ছাত্র দল ও সাধারণ সম্পাদক সহ ৭টি পদ পেয়েছে ছাত্রলীগ (সু-র)। ব্রাহ্মণবাড়িয়া সায়েদাবাদ কলেজে ব্যালট বাক্স ছিনতাই হওয়ায় নির্বাচন স্থগিত ঘোষণা করা হয়েছে।

**রাঙ্গামাটি**

রাঙ্গামাটি থেকে নিজস্ব সংবাদদাতার খবর: রাঙ্গামাটি কলেজ নির্বাচনে সহ-সভাপতি পদ পেয়েছে উপজাতীয় ছাত্র ইউনিয়ন ও সাধারণ সম্পাদক পদ পেয়েছে ছাত্র ইউনিয়ন। জাতীয় ছাত্র লীগ ও জাতীয়তাবাদী ছাত্র দল নির্বাচনে অংশ গ্রহণে বিরত থাকে।

**সিলেট**

সিলেট থেকে আমাদের জেলা বার্তা পরিবেশক জানান, ছাত্র সংসদ নির্বাচনকে কেন্দ্র করে সিলেটের সরকারী মদন মোহন কলেজে পরস্পরবিরোধী ছাত্র সংগঠনের মধ্যে সংঘর্ষে ১৩জন আহত হয়েছে। এরমধ্যে ২জনকে হাসপাতালে ভর্তি করা হয়েছে।

বিকেল সাড়ে ৫টার দিকে একদল তরুণ ভোট কেন্দ্রে প্রবেশ করে ৩টি ব্যালট বাক্স ছিনতাই করে নিলে এই সংঘর্ষ শুরু হয়। পরিস্থিতি আয়ত্তে আনার জন্য পুলিশ ৫ রাউণ্ড কাঁদানে গ্যাস নিক্ষেপ করে। নির্বাচনের ফলাফল ঘোষণা স্থগিত রাখা হয়।

এ ছাড়া সিলেট সরকারী মহাবিদ্যালয় ও সরকারী মুরারী চাঁদ মহাবিদ্যালয়ে বাংলাদেশ ছাত্র লীগ (সু-র) নিরঙ্কুশ বিজয় অর্জন করেছে।

**নিন্দা**

দেশের বিভিন্ন স্থানের কলেজ ছাত্র সংসদ নির্বাচনে সন্ত্রাস, বোমাবাজি ও ব্যালটবাক্স ছিনতাই-এর ঘটনায় বিভিন্ন ছাত্র সংগঠন নিন্দা প্রকাশ করেছে।

জাতীয়তাবাদী ছাত্র দলের সভাপতি আসাদুজ্জামান রিপন ও সাধারণ সম্পাদক আমানউল্লাহ আমান, কেন্দ্রীয় ছাত্র সংগ্রাম পরিষদের একাংশ (মাহমুদুল হক প্রধান স্বাক্ষরিত সংবাদ বিজ্ঞপ্তি), সমাজতান্ত্রিক ছাত্র ফ্রন্ট, জাতীয় ছাত্রলীগের সভাপতি নুরুল ফজল বুলবুল ও সাধারণ সম্পাদক ইনায়েতুর রহীম পৃথক পৃথক বিবৃতি দিয়েছেন।